The Code of Practice for Victims of Crime

Bengali

অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি

A guide for victims

ভুক্তভোগীদের জন্য নির্দেশিকা

CRIMINAL JUSTICE SYSTEM



This guide sets out your rights under the Code of Practice for Victims of Crime.

It tells you what you can expect from each of the criminal justice agencies after becoming a victim of crime.

If you don't think that you have had the support, information and advice set out in this guide, you can make a complaint. Details of how to complain are contained at the back of this leaflet.

If you do not want to receive the services set out in this guide, you can opt out by telling the police officer you have had contact with, or the person dealing with your case at that time (if you decide to opt out later on in the criminal justice process). Remember that you can then opt back in at any stage.

Vulnerable and intimidated victims

Some victims are able to receive an enhanced service under the Code.

Vulnerable victims are all victims under 17 years old or whose quality of evidence is likely to be reduced because they have a mental disorder or learning disability or a physical disability or disorder.

Intimidated victims are victims whose quality of evidence is likely to be reduced because they are in fear or distress about giving evidence.

If you have been a victim of domestic violence or sexual assault or have lost a family member through murder or manslaughter, you will also be defined as a vulnerable victim.

You will be told if you are identified as vulnerable or intimidated as this depends on your personal circumstances and the details of your case.

The next few pages set out what you can expect from each agency. The chart on pages 7 and 8 explains what each agency does.



'অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি' (Code of Conduct for Victims of Crime) অনুসারে আপনার বিভিন্ন অধিকার এই প্রচারপত্রে বর্ণনা করা হয়েছে।

অপরাধের ভুক্তভোগী হওয়ার পর প্রতিটা অপরাধের বিচারকারী সংস্থার কাছ থেকে আপনি কি প্রত্যাশা করতে পারেন তা এটা আপনাকে বলে দেবে।

আপনি যদি এমন মনে না করেন যে এই নির্দেশিকায় বর্ণিত সহায়তা, তথ্য ও পরামর্শ আপনি পেয়েছেন, আপনি অভিযোগ করতে পারেন। কিভাবে অভিযোগ করতে হবে তার বিস্তারিত বিবরণ এই প্রচারপত্রের পিছন দিকে দেওয়া আছে।

আপনি যদি এই প্রচারপত্রে বর্ণিত সেবাগুলি না পেতে চান, তাহলে যে পুলিশ অফিসারের সঙ্গে আপনার যোগাযোগ হবে তাকে, অথবা যে ব্যক্তি ঐ সময়ে আপনার বিষয়টি নিয়ে কাজ করছে তাকে (যদি অপরাধের বিচার প্রক্রিয়ার পরের দিকের পর্যায়ে এইসব সেবা না নেওয়ার সিদ্ধান্ত নেন), সে'কথা জানাতে পারেন। মনে রাখবেন, যে কোন সময়েই আপনি সেবা না নেওয়ার সিদ্ধান্ত নিতে পারবেন।

অসহায় বা দুর্বল এবং আতঙ্কিত ভুক্তভোগীরা

কিছু ভুক্তভোগী কোড বা আচরণবিধি অনুসারে উচ্চতর মানের সেবা পেতে সক্ষম হতে পারে।

অসহায় বা দুর্বল ভুক্তভোগীরা সকলেই 17 বছরের কম বয়সী লোকজন অথবা এমন লোকজন যাদের সাক্ষ্যের মান নিচু হওয়ার সম্ভাবনা থাকে কারণ তাদের কোন ধরনের মানসিক বিশৃঙ্খলা অথবা শিক্ষাগত প্রতিবন্ধকতা অথবা শারীরিক প্রতিবন্ধকতা বা বিশৃঙ্খলা আছে।

আতঙ্কিত ভুক্তভোগীরা এমন লোকজন যাদের সাক্ষ্যের মান নিচু হওয়ার সম্ভাবনা থাকে কারণ তারা সাক্ষ্য দেওয়ার ব্যাপারে ভয় পাচ্ছে বা বিচলিত বোধ করছে।

আপনি যদি কোন রকম পারিবারিক সহিংসতা কিংবা যৌন হামলার শিকার হয়ে থাকেন অথবা ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত হত্যাকাণ্ডের দরুণ আপনার পরিবারের কোন সদস্যকে হারিয়ে থাকেন, সে'ক্ষেত্রেও আপনি একজন অসহায় বা দুর্বল ভুক্তভোগী হিসাবে বিবেচিত হবেন।

আপনাকে অসহায় বা দুর্বল অথবা আতঙ্কিত হিসাবে চিহ্নিত করা হলে সে'কথা আপনাকে জানানো হবে যেহেতু সেটা নির্ভর করে আপনার ব্যক্তিগত পরিস্থিতির এবং আপনার বিষয়টির খুঁটিনাটি বিবরণের উপরে।

প্রত্যেকটা সংস্থার কাছ থেকে আপনি কি প্রত্যাশা করতে পারেন তা পরের কয়েক পৃষ্ঠায় বর্ণনা করা হয়েছে। প্রত্যেক সংস্থার কাজকর্ম 7 ও 8 নং পৃষ্ঠায় দেওয়া ছকে ব্যাখ্যা করা হয়েছে।

The police will:

- tell you if there is not going to be an investigation into the crime **within five days** of you reporting the crime
- give you a copy of, or make sure you have access to, the local 'Victims of crime' leaflet
- refer your details to the voluntary organisation Victim Support, unless you ask them not to (this will not apply for a small number of victims)
- keep you updated on a monthly basis until the case is closed
- tell you if there is a possibility that the case may be reviewed at a later date and ask you if you want to be informed of any reviews
- assign you a Family Liaison Officer if you have lost a family member through murder or manslaughter, and provide you with a support pack
- tell you if someone is arrested **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**
- tell you if they release a suspect with no further action being taken **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**
- tell you when they release a suspect on bail and let you know if there are any bail conditions and when those conditions are altered **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**
- tell you about a decision they take to charge or not charge a suspect **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**



পুলিশ যা যা করবে :

- অপরাধের কোন তদন্ত যদি না করা হয় তাহলে সেটা আপনি অপরাধের খবর দেওয়ার **পাঁচ দিনের মধ্যেই** আপনাকে জানাবে
- স্থানীয় 'অপরাধের ভুক্তভোগীরা' ('Victims of Crime') প্রচারপত্রের কপি আপনাকে দেবে, অথবা নিশ্চিত করবে যে আপনি যেন সেটা পান
- আপনার সমস্ত বিবরণ স্বেচ্ছামূলক সংগঠন ভিক্টিম সাপোর্ট (Victims Support)-কে পাঠিয়ে দেবে, যদি না আপনি তাদের নিষেধ করে থাকেন (অল্প সংখ্যক কিছু ভুক্তভোগীর ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না)
- যতদিন পর্যন্ত না বিষয়টি নিয়ে কাজ বন্ধ হচ্ছে, আপনাকে মাসিক ভিত্তিতে সব কিছু জানিয়ে চলবে
- পরবর্তী কোন সময়ে যদি বিষয়টির পর্যালোচনা হওয়ার সম্ভাবনা থাকে তা আপনাকে বলবে এবং কোন পর্যালোচনা সম্পর্কে আপনি জানতে চান কি না আপনাকে জিজ্ঞাসা করবে
- ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত হত্যাকাণ্ডের দরুণ আপনি পরিবারের কোন সদস্যকে হারিয়ে থাকলে আপনার জন্য একজন 'ফ্যামিলী লিয়াজঁ অফিসার' (Family Liaison Officer) নিযুক্ত করবে, এবং আপনাকে সহায়তা দেওয়ার সরঞ্জাম সরবরাহ করবে
- কাউকে গ্রেফ্তার করা হলে **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে
- কোন সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে অন্য কোন ব্যবস্থা না নিয়ে তাকে ছেড়ে দেওয়া হলে **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে
- কোন সন্দেহভাজন ব্যক্তিকে জামিনে ছেড়ে দেওয়া হলে এবং জামিনের কোন শর্ত থাকলে এবং ঐসব শর্ত বদল করা হলে **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে
- কোন সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত তারা নিলে অথবা না নিলে **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে

- tell you if the person is given a caution, reprimand, final warning or penalty notice for disorder **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims.**

The Witness Care Unit will:

- tell you if you will be required to give evidence
- tell you the dates of the court hearings
- give you a copy of the 'Witness in court' leaflet or other relevant leaflet, if you are required to give evidence
- tell you about court results, for example if the defendant was found guilty, **within one day** of receiving the outcome from the court, and explain any sentence given
- tell you if the offender appeals against their conviction or sentence and tell you the outcome of any appeals.

The Crown Prosecution Service will:

- tell you if they decide not to charge someone in relation to your case **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**
- tell you if they decide to drop or alter the charges after someone has been charged **within one day if you are receiving the enhanced service** or **within five days for other victims**
- offer to meet with you to discuss their decisions if your case involves a death caused by criminal conduct, child abuse, sexual offences, racially or religiously aggravated offences or offences with a homophobic or transphobic element
- ensure that someone from the Crown Prosecution Service is introduced to you at court and answers your questions

- কাউকে সতর্ক করা, তিরষ্কার করা, চূড়ান্ত সতর্কতা দেওয়া অথবা তার বিরুদ্ধে শাস্তির বিজ্ঞপ্তি জারি করা হলে **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে

উইট্‌নেস্ কেয়ার ইউনিট যা যা করবে :

- আপনাকে যদি সাক্ষ্য দিতে হয় তাহলে সে'কথা আপনাকে জানাবে
- আদালতের শুনানির বিভিন্ন তারিখ আপনাকে জানাবে
- আপনাকে যদি সাক্ষ্য দিতে হয়, 'আদালতে সাক্ষীরা' ('Witness in court') প্রচারপত্রের অথবা অন্যান্য প্রাসঙ্গিক প্রচারপত্রের কপি আপনাকে দেবে
- আদালতের কাজের ফলাফল, উদাহরণস্বরূপ প্রতিবাদীকে যদি দোষী সাব্যস্ত করা হয়ে থাকে, ঐ ফলাফল আদালতের কাছ থেকে পাওয়ার **এক দিনের মধ্যেই** আপনাকে জানাবে, এবং যে কোন শাস্তির তাৎপর্য ব্যাখ্যা করবে
- প্রতিবাদী যদি তাকে দোষী সাব্যস্ত করার বা তাকে দেওয়া শাস্তির বিরুদ্ধে আপীল করে তা আপনাকে জানাবে এবং যে কোন আপীলের ফলাফলও আপনাকে বলবে

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস্ যা যা করবে :

- আপনার বিষয়টির সঙ্গে সম্পর্কিত কাউকে বদল না করার সিদ্ধান্ত যদি তারা নেয় **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে
- কারো বিরুদ্ধে অভিযোগ দায়ের করার পর ঐ অভিযোগ প্রত্যাহার করার অথবা বদল করার সিদ্ধান্ত যদি তারা নেয় **আপনি যদি উচ্চতর মানের সেবার প্রাপক হন তাহলে এক দিনের মধ্যে আপনাকে** অথবা **অন্যান্য ভুক্তভোগীদের পাঁচ দিনের মধ্যে** তা জানাবে
- কোন অপরাধমূলক কার্যকলাপের, শিশু নির্যাতনের, যৌন অপরাধের, বর্ণবাদী কিংবা আক্রমণাত্মক অপরাধের অথবা সমশ্রেণীভুক্ত বা ভিন্ন শ্রেণীভুক্ত লোকজনের প্রতি হামলার কারণে মৃত্যু যদি আপনার বিষয়টির সঙ্গে জড়িত থাকে তাহলে সেই ব্যাপারে তাদের সিদ্ধান্ত নিয়ে আপনার সঙ্গে আলোচনা করার প্রস্তাব দেবে
- নিশ্চিত করবে যে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস্ (Crown Prosecution Service)-এর কোন কর্মীর সঙ্গে যেন আদালতে আপনার পরিচয় করিয়ে দেওয়া হয় এবং সে আপনার বিভিন্ন প্রশ্নের উত্তর দেয়

- pay your expenses within ten days of receiving your expenses claim form
- answer any detailed questions you have about the sentence given.

Her Majesty's Courts Service staff will:

- pass information about court dates and case outcomes to the Witness Care Unit and the police so that they can keep you updated
- make sure you have a separate waiting area and seat in the courtroom away from the defendant's family, where possible
- try to ensure that you do not have to wait more than two hours to give evidence
- provide an information point at the court, where possible, so you can find out what is happening in the case.

The Youth Offending Team will:

- contact you to explain their role and ask you if you want to be involved in a restorative justice intervention, if appropriate
- keep you informed about the progress of the case if you decide to be involved
- give you information about appropriate support services if you want it.

- খরচের দাবি জানিয়ে আপনার পূরণ করা ফর্ম পাওয়ার দশ দিনের মধ্যে আপনার সমস্ত খরচ মিটিয়ে দেবে
- যে শাস্তি দেওয়া হয়েছে তার ব্যাপারে আপনার যে কোন বিস্তারিত প্রশ্নের জবাব দেবে

হার ম্যাজেস্টী'জ্ কোর্টস্ সার্ভিস্ যা যা করবে :

- আদালতের বিভিন্ন তারিখ এবং মামলার ফলাফল সম্পর্কে তথ্য উইট্নেস্ কেয়ার ইউনিট-কে এবং পুলিশকে জানাবে যাতে তারা আপনাকে সর্বাধুনিক বিবরণ জানাতে পারে
- নিশ্চিত করবে যে আপনার জন্য একটা আলাদা অপেক্ষার জায়গা এবং আদালত কক্ষে যেখানেই সম্ভব প্রতিবাদীর পরিবারের লোকজন থেকে দূরে একটা বসার জায়গার ব্যবস্থা যেন করা হয়
- নিশ্চিত করার চেষ্টা করবে যে সাক্ষ্য দেওয়ার জন্য আপনাকে যেন দুই ঘন্টার বেশী অপেক্ষা করতে না হয়
- আদালতে, যেখানেই সম্ভব, একটা তথ্য পাওয়ার জায়গা রাখবে যাতে মামলায় যা যা ঘটছে তা আপনি জানতে পারেন

ইয়ুথ অফেন্ডিং টীম যা যা করবে :

- তাদের ভূমিকা ব্যাখ্যা করার জন্য এবং, উপযুক্ত হলে, আপনি কোন রকম উপশমকারী বিচার বিভাগীয় হস্তক্ষেপে সামিল হতে চান কি না তা জিজ্ঞাসা করার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করবে
- আপনি যদি জড়িত হওয়ার সিদ্ধান্ত নেন, মামলার অগ্রগতির বিবরণ আপনাকে জানিয়ে চলবে
- উপযুক্ত সহায়তা সেবাগুলি সম্পর্কে আপনাকে তথ্য সরবরাহ করবে, আপনি যদি তা চান।

The National Offender Management Service (Probation) will:

- contact you if the offender in your case was sentenced to 12 months or more for a sexual or violent offence, including mentally disordered offenders in certain circumstances

- give you general information at key stages in the offender's sentence, such as transfer to a different category of prison or applications for release. They will be unable to give you detailed information about offenders, for example which prison the offender is in, the exact date of release or exact location on release
- give you the opportunity to express your views and any concerns about what licence conditions or supervision requirements the offender should be subject to on their release from prison
- tell you what licence conditions or supervision requirements the offender will be subject to if they relate to contact with you or your family.

The National Offender Management Service (Prisons) will:

- provide a telephone helpline which you can ring if you receive unwanted contact from the offender or if you have any concerns about the offender's release.

The Parole Board will:

- take into account any information that relates directly to the current risk to you from the offender when deciding whether or not to grant or recommend release, and will reflect this in the parole decision
- consider any requests you make to attach conditions to the offender's licence on release
- provide an explanation where a licence condition that you have requested has been amended or has not been included

ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ (প্রোবেশন) যা যা করবে :

- আপনার মামলায় অভিযুক্ত ব্যক্তিকে, কয়েক ধরনের পরিস্থিতিতে মানসিক বিশৃঙ্খলায় আক্রান্ত অপরাধীরাসহ, যদি কোন যৌন বা সহিংস অপরাধের জন্য 12 মাস বা তার বেশী মেয়াদের শাস্তি দেওয়া হয়ে থাকে তাহলে আপনার সঙ্গে যোগাযোগ করবে

- অপরাধীর শাস্তির বিভিন্ন মূল পর্যায়ে, যেমন অন্য কোন শ্রেণীর কারাগারে স্থানান্তর অথবা রেহাইএর জন্য আবেদনের ক্ষেত্রে, আপনাকে সাধারণ তথ্য সরবরাহ করবে। অপরাধীদের সম্পর্কে অন্যান্য বিস্তরিত তথ্য, উদাহরণস্বরূপ কোন্ কারাগারে অপরাধীকে রাখা হয়েছে, তার মুক্তির সঠিক তারিখ অথবা মুক্তির পর সে ঠিক কোথায় থাকবে, তারা আপনাকে দিতে পারবে না
- অপরাধী কারাগার থেকে মুক্তি পাওয়ার পর তার স্বাধীনতার উপরে কোন্ ধরনের শর্তাবলী অথবা তদারকীর আদেশ আরোপিত হবে সে'সম্পর্কে আপনার অভিমত এবং যে কোন উদ্বেগ প্রকাশ করার সুযোগ আপনাকে দেবে
- অপরাধী যদি আপনার বা আপনার পরিবারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করে সে ক্ষেত্রে তার স্বাধীনতার উপরে কোন্ ধরনের শর্তাবলী বা তদারকীর আদেশ আরোপিত হবে তা আপনাকে জানাবে

ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ (প্রিজনস্) যা যা করবে :

- কোন অপরাধী যদি আপনার সঙ্গে অবাঞ্ছিত যোগাযোগের চেষ্টা করে অথবা অপরাধীর মুক্তির বিষয়ে যদি আপনার কোন রকম উদ্বেগ থাকে তাহলে আপনাকে সাহায্য দেওয়ার জন্য একটা টেলিফোনে লাইনের ব্যবস্থা করবে।

প্যারোল বোর্ড যা যা করবে :

- অপরাধীর মুক্তি অনুমোদন বা তার সুপারিশ করার বা না করার সিদ্ধান্ত নেওয়ার সময়ে অপরাধীর কাছ থেকে আপনার প্রতি বর্তমান ঝুঁকির সঙ্গে সরাসরি সম্পর্কিত যে কোন তথ্য বিচার করে' দেখবে, এবং তার 'প্যারোল' (Parole), অর্থাৎ শর্তাধীন মুক্তি দেওয়ার সিদ্ধান্তেও এটা প্রতিফলিত হবে
- মুক্তির পর অপরাধীর স্বাধীনতার উপরে কোন রকম শর্ত আরোপ করার জন্য আপনার যে কোন অনুরোধ বিবেচনা করবে
- মুক্তির পর অপরাধীর স্বাধীনতার উপরে আপনার অনুরোধ অনুসারে আরোপিত কোন শর্ত যেখানে বদলানো হচ্ছে কিংবা প্রয়োগ করা হচ্ছে না সেখানে তার উপযুক্ত ব্যাখ্যা দেবে

- consider any request by you to vary or amend the licence conditions at a later date.

The Criminal Injuries Compensation Authority will:

- reply to all correspondence about applications within 20 days of receiving it
- explain any decisions to refuse or reduce compensation that you have claimed
- update you on the progress of your application if you haven't had a decision within 12 months of making your application
- tell you that you have a right for their decision to be reviewed and how you apply for a review
- explain the outcome of the review to you and tell you how to appeal to the Criminal Injuries Compensation Appeals Panel.

The Criminal Injuries Compensation Appeals Panel will:

- give you up-to-date information about the appeals process
- respond to any correspondence relating to appeal cases within 20 days of receiving it
- explain the appeal decision to you.

The Criminal Cases Review Commission will:

- decide whether to contact you if they are reviewing a conviction or sentence in a case you are connected to when it's likely that you'll hear about what's going on
- tell you their decision and if they are referring the case to the Court of Appeal or Crown Court.

- পরবর্তী কোন তরিখে তার স্বাধীনতার উপরে আরোপিত শর্তাবলী বদলানোর বা সংশোধন করার জন্য আপনার যে কোন অনুরোধ বিবেচনা করবে।

ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অথরিটী যা যা করবে :

- সমস্ত আবেদন সম্পর্কে চিঠিপত্র পাওয়ার 20 দিনের মধ্যে ঐসব চিঠিপত্রের উত্তর দেবে
- যে ক্ষতিপূরণ আপনি দাবি করেছেন তা দিতে রাজি না হওয়ার অথবা তার পরিমাণ কমানোর যে সিদ্ধান্তের ব্যাখ্যা দেবে
- আপনি আবেদন করার 12 মাসের মধ্যে যদি তার সম্পর্ক কোন সিদ্ধান্ত না নেওয়া হয়ে থাকে, তাহলে আপনার আবেদনের সর্বসাম্প্রতিক পরিস্থিতি আপনাকে জানাবে
- তাদের সিদ্ধান্তের পুনর্বিচার চাওয়ার অধিকার যে আপনার আছে এবং কিভাবে আপনি পুনর্বিচার বা পর্যালোচনার আবেদন করবেন তা সবই আপনাকে জানাবে
- পর্যালোচনার ফলাফল আপনাকে জানাবে এবং ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অ্যাপীলস্ প্যানেল-এর কাছে কিভাবে আবেদন করবেন তা আপনাকে বলবে

ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অ্যাপীলস্ প্যানেল যা যা করবে :

- আপীল করার প্রক্রিয়া সম্পর্কে সর্বাধুনিক তথ্য আপনাকে দেবে
- আপীলের মামলা সম্পর্কে যে কোন চিঠিপত্র পাওয়ার 20 দিনের মধ্যে তাদের উত্তর দেবে
- আপীল সম্পর্কে সিদ্ধান্ত আপনার কাছে ব্যাখ্যা করবে

ক্রিমিন্যাল কেইসেস্ রীভিউ কমিশন যা যা করবে :

- আপনি যে মামলার সঙ্গে জড়িত তাতে কোন ব্যক্তিকে দোষী সাব্যস্ত করার বা শাস্তি দেওয়ার পর্যালোচনা যদি তারা করে, সে'ক্ষেত্রে যা ঘটছে তা শোনার সম্ভাবনা আপনার থাকলে আপনার সঙ্গে যোগাযোগ করবে
- ঐ মামলা যদি তারা কোর্ট অভ্ অ্যাপীল অথবা ক্রাউন কোর্ট-এ পাঠাতে চায়, তাদের সিদ্ধান্ত আপনাকে জানাবে।

THE CRIMINAL JUSTICE PROCESS

This chart shows the organisations you may come into contact with now that you have reported a crime.

Police
If you have been a victim of a crime, you should report it to the police. They will keep you updated on progress.

Victim Support
The police will usually refer your details on to Victim Support, an independent charity, so that they can provide you with emotional and practical help. You can also talk to Victim Support even if you have not reported the crime to the police.

Crown Prosecution Service (CPS)
The CPS are responsible for deciding if an offender should be charged and what the charge should be, and for prosecuting the offender in court.

Criminal Injuries Compensation Authority (CICA)
If you have been a victim of a violent offence, you may be eligible for compensation from CICA. You can apply for compensation whether someone has been prosecuted for the offence or not.

Witness Care Unit
If someone is charged and the case goes to court, the Witness Care Unit will keep you informed of progress and make sure you know when hearings are taking place, providing you with a single point of contact, practical help with getting to court and information about available support services.

Criminal Injuries Compensation Appeals Panel (CICAP)
If your request for compensation has been turned down by CICA, you can appeal to CICAP.

Her Majesty's Courts Service
Her Majesty's Courts Service are responsible for running all of the Courts.

Youth Offending Team
If the offender in your case was under 18, you may be contacted by your local Youth Offending Team to see if you want to be involved in a restorative justice intervention.

National Offender Management Service – Prison Service
When someone is convicted of an offence and sent to prison, they pass into the care of the Prison Service.

National Offender Management Service - Probation Service
Most adult offenders will have contact with the Probation Service. If the offender in your case was convicted of a sexual or violent offence and sentenced to a year or more in prison, including offenders being treated by mental heath services, the Probation Service will keep you informed about key points in the offender's sentence.

Criminal Cases Review Commission
The Criminal Cases Review Commission investigate suspected miscarriages of justice. You may hear from them if they are reviewing your case.

Parole Board
The Parole Board decide when offenders can safely be released from prison into the community.

অপরাধের বিচার প্রক্রিয়া

আপনি অপরাধের খবর দেওয়ার পর যে'সব সংগঠনের সংস্পর্শে আপনি আসতে পারেন তাদের বিবরণ এই ছকে দেখানো হয়েছে

পুলিশ
আপনি যদি কোন অপরাধের ভুক্তভোগী হয়ে থাকেন, আপনার উচিত পুলিশকে খবর দেওয়া। বিষয়টির অগ্রগতি সম্পর্কে তারা আপনাকে জানিয়ে চলবে।

ভিক্টিম সাপোর্ট
পুলিশ সাধারণতঃ আপনার বিবরণ বেসরকারী দাতব্য প্রতিষ্ঠান ভিক্টিম সাপোর্ট-এর কাছে পাঠিয়ে দেবে, যাতে তারা আপনাকে মানসিক ও ব্যবহারিক সহায়তা দিতে পারে। অপরাধের খবর আপনি পুলিশকে না জানিয়ে থাকলেও আপনি ভিক্টিম সাপোর্ট-এর সঙ্গে কথা বলতে পারবেন।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস্ (CPS)
একজন অপরাধীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করার এবং ঐ অভিযোগ কি ধরনের হবে তা স্থির করার, এবং আদালতে অপরাধীর বিরুদ্ধে মামলা করার দায়িত্ব CPS-এর।

ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অথরিটী (CICA)
আপনি যদি কোন সহিংস অপরাধের কবলে পড়ে থাকেন, আপনি CICA-এর কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হতে পারেন। ঐ অপরাধের জন্য কারো বিরুদ্ধে মামলা দায়ের করা হোক বা নাই হোক, আপনি ক্ষতিপূরণের জন্য আবেদন করতে পারবেন।

উইট্‌নেস্ কেয়ার ইউনিট
কারো বিরুদ্ধে যদি অভিযোগ দায়ের করা হয় এবং মামলা আদালতে যায়, উইট্‌নেস্ কেয়ার ইউনিট আপনাকে তার অগ্রগতি সম্পর্কে জানাবে এবং নিশ্চিত করবে যে কখন শুনানি হবে তা যেন আপনি জানতে পারেন, এবং আপনার জন্য একটিমাত্র যোগাযোগের সূত্র নির্ধারণ করে' দেবে, আদালতে যাওয়ার ব্যাপারে ব্যবহারিক সহায়তা এবং বিভিন্ন সহায়তাদান সেবা সম্পর্ক তথ্য সরবরাহ করবে।

ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অ্যাপীলস্ প্যানেল (CICAP)
ক্ষতিপূরণের জন্য আপনার আবেদন যদি CICA খারিজ করে' দেয়, তাহলে আপনি CICAP- এর কাছে আপীল করতে পারবেন।

হার ম্যাজেস্টী'জ্ কোর্টস্ সার্ভিস্
হার ম্যাজেস্টী'জ্ কোর্টস্ সার্ভিস্ সমস্ত আদালত পরিচালনা করার ভারপ্রাপ্ত।

ইয়ুথ অফেন্ডিং টীম
আপনার মামলার অপরাধীর বয়স যদি 18 বছরের কম হয়, আপনার স্থানীয় ইয়ুথ অফেন্ডিং টীম আপনার সঙ্গে যোগাযোগ করে' জানতে চাইতে পারে যে আপনি কোন রকম উপশমকারী বিচার বিভাগীয় হস্তক্ষেপ প্রক্রিয়ায় সামিল হতে চান কি না।

ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ - প্রিজন সার্ভিস্
কোন লোক যখন কোন অপরাধের দায়ে অভিযুক্ত হয় এবং তাকে কারাগারে পাঠানো হয়, তারা প্রিজন সার্ভিস্-এর এক্তিয়ারে থাকে।

ক্রিমিন্যাল কেইসেস্ রীভিউ কমিশন
অপরাধের মামলার পর্যালোচনা কমিশন বিচার প্রক্রিয়ায় ভুলত্রুটির সন্দেহজনক ঘটনার তদন্ত করে। তারা যদি আপনার মামলার পর্যালোচনা করে, তাহলে তারা আপনার সঙ্গে যোগাযোগ করতে পারে।

ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ - প্রোবেশন সার্ভিস্
অধিকাংশ প্রাপ্তবয়স্ক অপরাধীর সঙ্গে প্রোবেশন সার্ভিস্-এর যোগাযোগ থাকে। আপনার মামলার অপরাধীকে যদি কোন যৌন বা সহিংস অপরাধের দায়ে অভিযুক্ত করা এবং এক বছর বা তার বেশী মেয়াদের জন্য কারাগারে পাঠানো হয়ে থাকে, তাহলে প্রিজন সার্ভিস্ অপরাধীর শাস্তির মূল বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আপনাকে অবহিত রাখবে।

প্যারোল বোর্ড
প্যারোল বোর্ড স্থির করে কখন অপরাধীদের নিরাপদে কারাগার থেকে মুক্তি দিয়ে সমাজে বসবাস করার অনুমতি দেওয়া যেতে পারে।

HOW TO COMPLAIN

Agency	How to complain
Police	Ask at your local police station for a leaflet explaining how to make a complaint. You should receive a response within 10 working days.
Crown Prosecution Service (CPS)	Write to the CPS office that dealt with your case, outlining your complaint. Contact details for CPS offices can be found at police stations, Citizens Advice Bureaux or in the Yellow Pages. The CPS office will aim to reply within three working days.
Joint police/CPS Witness Care Units	Write to the Witness Care Unit that dealt with your case, setting out your complaint.
Crown Court	Complaints should be made in writing to the Complaints Officer at the court. A reply will be sent within five working days.
Magistrates' Court	Complaints should be made in writing to the Complaints Officer at the court. A reply will be sent within five working days.
Youth Offending Team	You should write to the Youth Offending Team Manager at your local Youth Offending Team, explaining your complaint.
National Offender Management Service (Probation)	You should make your complaint to the local manager or Senior Probation Officer at the office you have been dealing with.



কিভাবে অভিযোগ করতে হবে

সংস্থা	কিভাবে অভিযোগ করতে হবে
পুলিশ	কিভাবে অভিযোগ করতে হবে তার ব্যাখ্যাসহ একটা প্রচারপত্র আপনার স্থানীয় পুলিশ থানা থেকে চেয়ে নেবেন। 10 কাজের দিনের মধ্যেই আপনার উত্তর পাওয়া উচিত।
ক্রাউন প্রসিকিউশন সার্ভিস্ (CPS)	যে CPS দফ্‌তর আপনার মামলা নিয়ে কাজ করেছে তাদের কছে চিঠি লিখে আপনার মামলার বিবরণ দিন। CPS দফ্‌তরগুলির সঙ্গে যোগাযোগের নির্দেশ বিভিন্ন পুলিশ থানায়, সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো-তে কিংবা ইয়েলো পেজেস্ বইতে পাওয়া যাবে। CPS দফ্‌তর তিন কাজের দিনের মধ্যে উত্তর দেওয়ার চেষ্টা করবে।
যৌথ পুলিশ/উইট্‌নেস্ কেয়ার ইউনিটসমূহ	যে উইটনেস্ কেয়ার ইউনিট আপনার মামলা নিয়ে কাজ করেছে তদের কাছে চিঠি লিখে আপনার অভিযোগের বিবরণ দিন।
ক্রাউন কোর্ট	আদালতের কমপ্লেইন্টস্ অফিসারের কাছে লিখিতভাবে অভিযোগ করতে হবে। পাঁচ কাজের দিনের মধ্যে উত্তর পাঠানো হবে।
ম্যাজিস্ট্রেটস্' কোর্ট	আদালতের কমপ্লেইন্টস্ অফিসারের কাছে লিখিতভাবে অভিযোগ করতে হবে। পাঁচ কাজের দিনের মধ্যে উত্তর পাঠানো হবে।
ইয়ুথ অফেন্ডিং টীম	আপনার স্থানীয় ইয়ুথ অফেন্ডিং টীম-এর ইয়ুথ অফেন্ডিং টীম ম্যানেজার-এর কাছে চিঠি লিখে আপনার অভিযোগের বাখ্যা দেওয়া উচিত।
ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ (প্রোবেশন)	যে দফ্‌তরের সঙ্গে আপনার যোগাযোগ হয়েছে তার স্থানীয় ম্যানেজারের কিংবা সীনিয়ার প্রোবেশন অফিসারের কাছে আপনার অভিযোগ পেশ করা উচিত।

Agency	How to complain
National Offender Management Service (Prisons)	Complaints should be addressed to: Director General's Briefing and Casework Unit, HM Prison Service, Cleland House, Page Street, London SW1 4LN.
Parole Board	You should complain in writing to: The Complaints Officer, Parole Board for England and Wales, Grenadier House, 99–105 Horseferry Road, London SW1P 2DD.
Criminal Injuries Compensation Authority	You should make your complaint in writing to: The Manager, Customer Care Team, Criminal Injuries Compensation Authority, Tay House, 300 Bath Street, Glasgow G2 4LN. You will receive a reply within 20 working days.
Criminal Injuries Compensation Appeals Panel	You should make your complaint within three months of the hearing by writing to: Customer Service Manager, Criminal Injuries Compensation Appeals Panel, 11th Floor, Cardinal Tower, 12 Farringdon Road, London EC1M 3HS.
Criminal Cases Review Commission	You should write to: The Complaints Manager, Criminal Cases Review Commission, Alpha Tower, Suffolk Street, Queensway, Birmingham B1 1TT.

সংস্থা	কিভাবে অভিযোগ করতে হবে
ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস্ (প্রিজনস্	সমস্ত অভিযোগ পাঠাতে হবে এখানে : Director General's Briefing and Casework Unit, HM Prison Service, Cleland House, Page Street, London SW1 4LN.
প্যারোল বোর্ড	আপনার অভিযোগ লিখিতভাবে পাঠাতে হবে এখানে : The Complaints Officer, Parole Board for England and Wales, Grenadier House, 99–105 Horseferry Road, London SW1P 2DD.
ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অথরিটী	আপনার অভিযোগ লিখিতভাবে পাঠাতে হবে এখানে : The Manager, Customer Care Team, Criminal Injuries Compensation Authority, Tay House, 300 Bath Street, Glasgow G2 4LN. আপনি উত্তর পাবেন 20 কাজের দিনের মধ্যে।
ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অ্যাপীলস্ প্যানেল	শুনানির তিন মাসের মধ্যে আপনার অভিযোগ লিখিতভাবে পাঠাতে হবে এখানে : Customer Service Manager, Criminal Injuries Compensation Appeals Panel, 11th Floor, Cardinal Tower, 12 Farringdon Road, London EC1M 3HS.
ক্রিমিন্যাল কেইসেস্ রীভিউ কমিশন	এখানে চিঠি লিখতে হবে : The Complaints Manager, Criminal Cases Review Commission, Alpha Tower, Suffolk Street, Queensway, Birmingham B1 1TT.

THE PARLIAMENTARY OMBUDSMAN

If you are not happy with the response you receive to your complaint, you can take your complaint to the Parliamentary Ombudsman through your MP. You can find out who your MP is at **www.locata.co.uk/commons** or by calling the House of Commons Enquiry Desk on **020 7219 4272**.

If you are unsure about how to complain or whether your complaint is a matter with which the Parliamentary Ombudsman can help, you can contact their Victims' Code Unit on **020 7217 4013**, visit their website at **www.ombudsman.org.uk** or email: **VictimsCodeUnit@ombudsman.org.uk**.

With regard to the police or the Crown Prosecution Service, the Parliamentary Ombudsman can only consider complaints about either body which relate specifically to their obligations under the Code.

If your complaint concerns misconduct on the part of the police and you are not happy with their response, the Parliamentary Ombudsman may advise you to pursue it with the Independent Police Complaints Commission instead. The Independent Police Complaints Commission is an independent body established to investigate misconduct on the part of the police. It can consider complaints about police conduct whether or not they relate to this Code of Practice.

পার্লামেন্টারী অম্বুডস্‌ম্যান

আপনার অভিযোগ সম্পর্কে যে সাড়া আপনি পেয়েছেন তাতে আপনি সন্তুষ্ট না হলে, আপনার অভিযোগ আপনি পার্লামেন্টারী অম্বুডস্‌ম্যান (Parliamentary Ombudsman)-এর কাছে আপনার এমপি বা সংসদ সদস্যের মাধ্যমে পেশ করতে পারেন। আপনার এমপি কে তা জানার জন্য আপনি **www.locata.co.uk/commons** ওয়েবসাইট দেখতে পারেন কিংবা হাউজ অভ্ কমনস্ অনুসন্ধান ডেস্ক-এ **020 7219 4272** নম্বরে টেলিফোন করতে পারেন।

কিভাবে অভিযোগ করতে হবে অথবা আপনার অভিযোগ এমন ধরনের কি না যেটাতে পর্লামেন্টারী ওম্বুডস্‌ম্যান সাহায্য করত পারবেন সে'সম্পর্কে আপনি নিশ্চিত না হলে আপনি ভিক্টিমস্' কোড ইউনিট (Victims' Code Unit)-এ **020 7217 4013** নম্বরে টেলিফোন করতে পারেন, তাদের ওয়েবসাইট **www.ombudsman.org.uk** দেখতে পারেন অথবা এখানে ই-মেইল করতে পারেন : **VictimsCodeUnit@ombudsman.org.uk.**

পুলিশ অথবা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস্-এর ক্ষেত্রে, এদের যে কোন সংস্থার বিরুদ্ধে পার্লামেন্টারী অম্বুডস্‌ম্যান কেবলমাত্র সেইসব অভিযোগই বিবেচনা করতে পারেন যেগুলির সঙ্গে 'কোড' বা আচরণবিধি অনুসারে তাদের দায়িত্ব বা কর্তব্য সুনির্দিষ্টভাবে সম্পর্কিত।

আপনার অভিযোগ যদি পুলিশের অন্যায় আচরণের বিরুদ্ধে হয় এবং তাদের দেওয়া সাড়ায় আপনি সন্তুষ্ট না হন, পার্লামেন্টারী অম্বুডস্‌ম্যান আপনার অভিযোগ ইন্ডিপেন্ডেন্ট পুলিশ কপ্লেইন্টস্ কমিশন **(Independent Police Complaints Commission)**-এর কাছে পেশ করার পরামর্শ আপনাকে দিতে পারেন। ইন্ডিপেন্ডেন্ট পুলিশ কপ্লেইন্টস্ কমিশন একটা বেসরকারী নিরপেক্ষ সংস্থা যা স্থাপিত হয়েছে পুলিশের অন্যায় আচরণ সম্পর্কে তদন্ত করার জন্য। পুলিশের আচরণ 'কোড অভ্ প্র্যাক্‌টিস্'এর সঙ্গে সম্পর্কিত হোক বা নাই হোক, এই সংস্থা তাদের বিরুদ্ধে অভিযোগ বিচার করে' দেখতে পারে।

Criminal Justice System: working together for the public

Published by the Office for Criminal Justice Reform. July 2006.
ISBN: 1-84473-953-8. Order code:VCOP/GUIDE/BEN. Ref: 275826

www.cjsonline.gov.uk